

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মেহমান নেওয়াযীর আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

অহেতুক প্রশ্ন না করা

মুসলিম ভাই দাওয়াত খাওয়ালে বা কোন খাবার পেশ করলে তাকে এ প্রশ্ন করা বৈধ নয় যে, সে খাবার হালাল, না হারাম? যেহেতু তাতে মুসলিম ভায়ের প্রতি কুধারণা হয় এবং তার বেইজ্জতি হয়। তাছাড়া তা হল এক প্রকার অতিরঞ্জন ও বাড়াবাড়ি।

রাসুল (ﷺ) বলেন, ''যখন তোমাদের কেউ তার মুসলিম ভায়ের নিকট প্রবেশ করে এবং সে তাকে নিজ খাবার খাওয়ায়, তখন সে যেন তা খেয়ে নেয় এবং সে বিষয়ে কোন প্রশ্ন না করে। যদি সে নিজ পানীয় পান করায়, তাহলে সে যেন তা পান করে নেয় এবং সে বিষয়ে কোন প্রশ্ন না করে।''[1] অবশ্য যদি হারাম হওয়ার ব্যাপারে পূর্ণ সন্দেহ থাকে, তাহলে জিজ্ঞাসা করে নেওয়া জরুরী।[2]

ফুটনোট

- [1]. সহীহুল জা'মে হা/৫১৮
- [2]. সিলসিলাহ সহীহাহ ২/২০৩

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8033

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন